বর্ণাঢ্য আয়োজনে উদযাপিত হচ্ছে গণ বিশ্ববিদ্যালয় দিবস-২০২৬

ছবি: লেন্স এশিয়া

বর্ণাঢ্য আয়োজন ও উৎসবমুখর পরিবেশে শুরু হয়েছে 'গণ বিশ্ববিদ্যালয় দিবস-২০২৬' উদযাপন। বেলুন উড্ডয়ন ও বর্ণাঢ্য র‍্যালির মধ্য দিয়ে দিবসটির আনুষ্ঠানিক কার্যক্রমের সূচনা করা হয়।

শনিবার (১১ জুলাই) সকালে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আবুল হোসেনের নেতৃত্বে ক্যাম্পাসের বাদামতলা প্রাঙ্গণ থেকে বেলুন উড়িয়ে এবং র‍্যালি বের করে প্রতিষ্ঠাবার্ষিকীর আনুষ্ঠানিকতা শুরু হয়। র‍্যালিটি বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে গণস্বাস্থ্য কেন্দ্রের পিএইচএ মিলনায়তনে গিয়ে শেষ হয়।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, প্রশাসনিক কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে আয়োজিত র‍্যালি শেষে পিএইচএ মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে অনুষ্ঠানের অতিথি ও সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা-২০ আসনের সংসদ সদস্য আলহাজ মো. তমিজ উদ্দিন এবং ঢাকা-১৯ আসনের সংসদ সদস্য ডা. দেওয়ান মো. সালাউদ্দিন বাবু। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আবুল হোসেন।

প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে দিনব্যাপী নানা কর্মসূচির আয়োজন করা হয়েছে। এর মধ্যে রয়েছে কেক কাটা, প্রামাণ্যচিত্র প্রদর্শনী, মেধাবী ও অসচ্ছল শিক্ষার্থীদের বৃত্তি প্রদান, আলোচনা সভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান।

এ সময় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রকৌশলী মো. ওহিদুজ্জামান, কোষাধ্যক্ষ অধ্যাপক সিরাজুল ইসলাম, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, শিক্ষক-শিক্ষার্থী, কেন্দ্রীয় ছাত্র সংসদের (গকসু) নেতৃবৃন্দ এবং বিভিন্ন সংগঠনের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।